

ঢাকা ওয়াসা

০১
০২
০৩

সংযুক্ত ক্রমিক নং-১, বাজেট বরাদ্দে কপি।


সংযুক্ত ক্রমিক নং-২, ছবি।

সংযুক্ত ক্রমিক নং-৩, প্রাক্কলন।

বিষয় : Urgent Repairing water line leakage of Holding-215, Block-C, Holding-14, Block-D, Holding-77, Block-G, Holding-12, Block-A, Rampura Banasree under MODS Zone-6, Dhaka WASA.


০১। উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মডস জোন-৬ এর ডিএমএ-৬০১ ও ৬০৪ এর আওতাধীন হোল্ডিং-২১৫, ব্লক-সি, হোল্ডিং-১৪, ব্লক-ডি, হোল্ডিং-৭৭, ব্লক-জি, হোল্ডিং-১২, ব্লক-এ, রামপুরা বনশ্রী ও দক্ষিণ বনশ্রী এলাকায় বিদ্যমান পানির লাইন লিকেজ হয়ে রাস্তায় পানি উপচে পড়ছে। এতে রাস্তা ক্ষতিগ্রস্ত হওয়াসহ রাস্তা দেবে যাওয়ার সম্ভাবনা রয়েছে। পানির লাইনের লিকেজের ফলে উল্লেখিত এলাকার রাস্তায় গাড়ী চলাচলে যেমন বিঘ্ন ঘটছে তেমনি পথচারী চলাচলেও সমস্যা সৃষ্টি হচ্ছে। বর্ণিত এলাকার পানির লাইনের লিকেজগুলো মেরামতের জন্য সংশ্লিষ্ট এলাকার লোকজন অত্র জোনের অভিযোগকেন্দ্রে অভিযোগ করেন পাশাপাশি মুঠো ফোনের মাধ্যমে অত্র জোনের নির্বাহী প্রকৌশলীকে বিষয়টি অবহিত করেছেন। অভিযোগের প্রেক্ষিতে বর্ণিত এলাকা সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। পরিদর্শনকালে দেখা যায় যে, পানির লাইন লিকেজ হয়ে এলাকার রাস্তাগুলো ক্ষতিগ্রস্ত হচ্ছে এবং রাস্তায় পথচারীসহ গাড়ী চলাচলে মারাত্মক বিঘ্ন সৃষ্টি হচ্ছে। তাই জরুরী ভিত্তিতে উক্ত লিকেজসমূহ মেরামত করা প্রয়োজন। সেই মোতাবেক উল্লেখিত কাজের একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতকৃত প্রাক্কলনে টাকার পরিমাণ দাঁড়িয়েছে টা:- ৪৮,২৯৭.০০ (আটচল্লিশ হাজার দুইশত সাতানব্বই) টাকা মাত্র। আলোচ্য কাজটি মডস জোন-৬ এর ২০২৬-২০২৭ইং অর্থ বছরের বছরের অনুমোদিত বাজেট বরাদ্দের ক্রমিক নং-১৬, Water Line Maintenance, Code No. (01-04-001) খাত হতে নির্বাহ করা হবে। উক্ত কাজের অনুমোদন ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।


০২। এমতাবস্থায়, জনস্বার্থে জরুরী ভিত্তিতে মডস জোন-৬ এর আওতাধীন এলাকায় Urgent Repairing water line leakage of Holding-215, Block-C, Holding-14, Block-D, Holding-77, Block-G, Holding-12, Block-A, Rampura Banasree under MODS Zone-6, Dhaka WASA কাজগুলো জরুরী ভিত্তিতে সম্পন্ন করার নিমিত্তে প্রাক্কলনে উপস্থাপিত সর্বমোট টা- ৪৮,২৯৭.০০ (আটচল্লিশ হাজার দুইশত সাতানব্বই) টাকার প্রাক্কলনটি অনুমোদনসহ পি.পি.আর-২০২৫ এর ৯৯/(১)ড বিধি অনুসরণে সরাসরি ক্রয় চুক্তি (ডিপিএম) পদ্ধতিতে বর্ণিত কাজে অভিজ্ঞ ঠিকাদারী প্রতিষ্ঠান "M/S. Raisa Rahi & Co." এর মাধ্যমে বাস্তবায়ন করার সদয় অনুমোদন দেয়া যেতে পারে।



২০/০৪/২৬
মোঃ মোস্তাফিজুর রহমান
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৬, ঢাকা ওয়াসা।


২৩/০৪/২৬
মোহাম্মদ হুসাইন হাসান
সহকারী প্রকৌশলী
মডস জোন-৬, ঢাকা ওয়াসা।


২৩/০৪/২৬
মোহাম্মদ হুসাইন হাসান
সহকারী প্রকৌশলী
মডস জোন-৬, ঢাকা ওয়াসা।


২৩/০৪/২৬
মোঃ ফিরোজ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-১, ঢাকা ওয়াসা।


২০/০৪/২৬


২০-০৪-২০২৬
আলমগীর হাছিন আহমেদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।